গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
দাখিল ও এবতেদায়ী মাদ্রাসা শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলি রোড,ঢাকা
www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৪.৩৪.০০২.২২.৩৬৬০

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
০৩ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: **ভোলা জেলার বোরহানউদ্দিন উপজেলাধীন হাজির হাট ইসলামিয়া দাখিল মাদ্রাসায় কর্মরত এমপিওভুক্ত ১২ জন শিক্ষক-কর্মচারীর বিদ্যমান এমপিও শিটে পদবী ও বিষয় সংযোজন/সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

সূত্র: (০১) USEO, বোরহানউদ্দিন, ভোলা এর স্মারক নং-উমাশিঅ/বোর/২০২২-৫৯৬; তাং: ১১/১০/২০২২; ডকেট-১৬৭৫২; তাং-১৮/১০/২০২২
(০২) তদন্ত কমিটির প্রতিবেদনের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.১৮-৪২০; তাং: ২০/১২/২০২২, ডকেট-২৬৯৩৩; তাং-২০/১২/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভোলা জেলার বোরহানউদ্দিন উপজেলাধীন হাজির হাট ইসলামিয়া দাখিল মাদ্রাসায় কর্মরত এমপিওভুক্ত ১২ জন শিক্ষক-কর্মচারীর বিদ্যমান এমপিও শিটে পদবী ও বিষয় সংযোজন/সংশোধনের আবেদন সূত্রোস্থ (০১) নং স্মারকে USEO, বোরহানউদ্দিন, ভোলা এর মাধ্যমে বর্ণিত মাদ্রাসার সুপারের আবেদন অত্র অধিদপ্তরে অগ্রায়ণ করা হয়।

০২। উল্লিখিত আবেদনটি নিষ্পত্তির লক্ষ্যে যাচাই-বাছাই ও তদন্তপূর্বক প্রমাণকসহ সুনির্দিষ্ট মতামত প্রদানপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য জনাব মাহফুজা ইয়াছমিন, সহকারী পরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এবং জনাব ইমন আমির, পরিদর্শক (বরিশাল), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর-এর সমন্বয়ে গঠিত কমিটিকে দায়িত্ব প্রদান করা হয়। সূত্রোক্ত ০২ নং স্মারকে তদন্ত কমিটি প্রতিবেদন দাখিল করেন। প্রতিবেদনের সুপারিশসহ মতামত নিম্নরূপ:
"MPO শীটে উল্লেখিত শিক্ষক-কর্মচারীর পদবী ও বিষয় নির্ধারণপূর্বক শিক্ষক-কর্মচারীর স্বাক্ষরযুক্ত তালিকা দাখিল করেছেন যা মাদ্রাসার ম্যানেজিং কমিটি কর্তৃক রেজুলেশনে সুপারিশকৃত এবং সকল শিক্ষক-কর্মচারীর স্বাক্ষরযুক্ত বেতন বিবরণী দাখিল করেছেন। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ২৪ মার্চ ২০২২ ০৯ তারিখের ৫৭.২৫.০০০০.০০২.০৮.০০৫.২১-২৫ নং স্মারকের নির্দেশনা অনুযায়ী ভোলা জেলার বোরহানউদ্দিন উপজেলাধীন হাজির হাট ইসলামিয়া দাখিল মাদ্রাসায় নিম্নোক্ত ছকে বর্ণিত শিক্ষক-কর্মচারীসহ মোট ১০ (দশ) জনের এমপিও শীটে প্রার্থীত পদবী ও বিষয় এবং পদবীসহ বিষয় সংযোজনের সুপারিশ করা হলো।"

০৩। তদন্ত কমিটির প্রতিবেদনের মতামত, USEO, বোরহানউদ্দিন, ভোলা এর সুপারিশসহ অগ্রায়ণ এবং প্রতিকারপ্রার্থী/সুপারের দাখিলকৃত ডকুমেন্টস এর ভিত্তিতে বিদ্যামন এমপিওশীটের নিম্নে বর্ণিত শিক্ষক/কর্মচারীর পদবী ও বিষয় নিম্নরূপে নির্ধারণ করা হলোঃ-

| ক্রম নং: | নাম ও ইনডেক্স | এমপিও শীটে বিদ্যমান পদবী ও বিষয় | কমিটির সুপারিশমতে | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | পদবী | বিষয় | |
| ০১ | MD. KALIMULLAH, B363966 | পদবী: নাই<br>বিষয়: নাই | A.SUP | N/A | সংশোধনযোগ্য |
| ০২ | ABDUR RAHMAN, B366569 | পদবী: নাই<br>বিষয়: নাই | AM | N/A | সংশোধনযোগ্য |
| ০৩ | MD. SHIRAZUL HOQUE, B371944 | পদবী: PHT<br>বিষয়: নাই | AT | PHYSICAL EDUCATION | সংশোধনযোগ্য |
| ০৪ | MD. MOSTAFIZUR RAHMAN, B371341 | পদবী: নাই<br>বিষয়: নাই | AM | N/A | সংশোধনযোগ্য |
| ০৫ | MD. BABUL HOSEN, B511889 | পদবী: নাই<br>বিষয়: নাই | AT | BANGLA | সংশোধনযোগ্য |
| ০৬ | ABDUL BARI, B365256 | পদবী: EB<br>বিষয়: নাই | EB-M | N/A | সংশোধনযোগ্য |
| ০৭ | M. SAHAB UDDIN, B363971 | পদবী: নাই<br>বিষয়: নাই | EB-T | N/A | সংশোধনযোগ্য |
| ০৮ | MD. ANISUL HAQUE, B370487 | পদবী: নাই<br>বিষয়: নাই | OA-CO | N/A | সংশোধনযোগ্য |
| ০৯ | MD. ABDUL LATIF, B663522 | পদবী: নাই<br>বিষয়: নাই | CLEANER | N/A | সংশোধনযোগ্য |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১০ | MD. FARUK, B372979 | পদবী: নাই<br>বিষয়: নাই | N-GUARD | N/A | সংশোধনযোগ্য |
| ১১ | MD. MELLAT, M0033557 | পদবী: SS<br>বিষয়: নাই | S-GUARD | N/A | সংশোধনযোগ্য |
| ১২ | RESHMA, M0035625 | পদবী: Aya-(WO,CO)<br>বিষয়: নাই | AYAH | N/A | সংশোধনযোগ্য |

০৪। এমতাবস্থায়, USEO, বোরহানউদ্দিন, ভোলা এর সুপারিশসহ অগ্রায়ণ, প্রতিকার প্রার্থীগণের আবেদন, ম্যানেজিং কমিটির সুপারিশ, পদবী-বিষয় উল্লেখ পূর্বক সকল শিক্ষক/কর্মচারীর স্বাক্ষরযুক্ত শীট, বিদ্যমান এমপিও শীট পর্যালোচনা এবং তদন্ত কমিটির সুপারিশের ভিত্তিতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে উপরিউক্ত ছকে বর্ণিত ১২ জন শিক্ষক-কর্মচারীর পদবী ও বিষয় বিদ্যমান এমপিও শীটে সংশোধন/সংযোজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন (Compliance Report) দাখিলের জন্যও অনুরোধ করা হলো।

শর্তসমূহ: ১। পরবর্তীতে কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে সংশ্লিষ্ট আবেদনকারী, সংশ্লিষ্ট মাদ্রাসা প্রধান, সংশ্লিষ্ট তদন্তকারী কর্মকর্তা দায়ী থাকবে।

০২। সরকারের অর্থের কোন প্রকার অপচয়/তছরুফ হলে সংশ্লিষ্ট আবেদনকারী, মাদ্রাসা উক্ত অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবে।

০৩। উপরিউক্ত ছকে বর্ণিত ক্রমিক নং-০১ হতে ১২ এর পদবী ও বিষয় পরিবর্তন/সংশোধন/সংযোজন হলে প্রতিকার প্রার্থীগণকোনরূপ বকেয়া দাবী করতে পারবে না।

০৪। এতদসংক্রান্ত দাখিলকৃত নিয়োগ/সনদ/প্রাপ্যতা ও অন্যান্য ডকুমেন্টস ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে প্রতিকারপ্রার্থী সরকারের যে কোন আইনানুগ শাস্তি গ্রহণে বাধ্য থাকবে।

০৫। পরবর্তীতে এতদসংক্রান্ত কোন ডকুমেন্টস/তথ্যাদি ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর তাৎক্ষণিকভাবে অত্র আদেশ সম্পূর্ণ/আংশিক বাতিল কিংবা সংশোধন করতে পারবে। এতে কোনরূপ আপত্তি উত্থাপন/আইনের আশ্রয় গ্রহণ করা যাবে না।

সংযুক্তি: ১। তদন্ত প্রতিবেদন।

২। পদবী-বিষয় উল্লেখ পূর্বক সকল শিক্ষক/কর্মচারীর স্বাক্ষরযুক্ত শীট।

৩। মাদ্রাসার সুপারের আবেদন/অগ্রায়ণ।

০৩-০৬-২০২৩
হাবিবুর রহমান
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং প্রকল্প পরিচালক, মেমিস, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৪.৩৪.০০২.২২.৩৬৬০/১ (৬)

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
০৩ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;

২। উপ-পরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর (মাশিঅ-এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);

৩। সহকারী পরিচালক (অর্থ) এবং সদস্য সচিব, এমপিও কমিটি, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর;

৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বোরহানউদ্দিন, ভোলা;

৫। সভাপতি/সুপার/ প্রতিকার প্রার্থী, হাজির হাট ইসলামিয়া দাখিল মাদ্রাসা, বোরহানউদ্দিন, ভোলা এবং

৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

০৬-০৬-২০২৩
মোঃ সাখাওয়াত হোসেন
সহকারী পরিচালক

সকল সংযুক্তিসমূহ:

(১) CamScanner 04-30-2023 14.00 (1)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
দাখিল ও এবতেদায়ী মাদ্রাসা শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলি রোড,ঢাকা
www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৪.৩৪.০০৫.২২.৩৬৩৯

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
৩১ মে ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: **লক্ষ্মীপুর জেলার সদর উপজেলাধীন দারুল ইসলাম দাখিল মাদ্রাসার প্রার্থীত ব্যাংক হিসাব শাখা পরিবর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

সূত্র: (০১) USEO, সদর, লক্ষ্মীপুর এর স্মারক নং-০৫.৪৪.৫৫৬৬.০০০.১২.০১০.২২-৯১৬; তারিখ: ১৮/১২/২০২২, ডকেট-২৩৯৭১, তাং-২৭/১১/২০২২ খ্রি:।

(০২) তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের স্মারক নং-৫৭.২৫.০০০০.০১০.০২.০২৪.২০-৪০১; তারিখ: ০৩/০৪/২০২৩, ডকেট-৫১৫৯, তাং-০৩/০৪/২০২৩ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, লক্ষ্মীপুর জেলার সদর উপজেলাধীন দারুল ইসলাম দাখিল মাদ্রাসার এমপিও শীটে ব্যাংক হিসাব নম্বর সংশোধনের আবেদন সূত্রোস্থ (০১) নং স্মারকে USEO, সদর, লক্ষ্মীপুর এর মাধ্যমে বর্ণিত মাদ্রাসার সুপারের আবেদন অত্র অধিদপ্তরে অগ্রায়ণ করা হয়।

০২। উল্লেখিত আবেদনটি নিষ্পত্তির লক্ষ্যে তদন্তপূর্বক প্রমাণকসহ সুনির্দিষ্ট মতামত প্রদানপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য জনাব ইমন আমির, পরিদর্শক (বরিশাল বিভাগ), মাশিঅ-কে দায়িত্ব প্রদান করা হয়। সূত্রোক্ত ০২ নং স্মারকে তদন্ত কমিটি প্রতিবেদন দাখিল করেন। প্রতিবেদনে মতামত নিম্নরূপ:

"লক্ষ্মীপুর জেলার সদর উপজেলাধীন দারুল ইসলাম দাখিল মাদ্রাসার পরিচ্ছন্নতা কর্মী জনাব মোঃ আফাজ উদ্দিন (ইনডেক্স নং-M0030613) এর এমপিওশীটে ব্যাংক হিসাব নং 0100234298790 এর স্থলে ব্যাংক হিসাব নং-0100234295190 প্রতিস্থাপনের জন্য সুপারিশ করা হলো।"

০৩। ব্যবস্থাপক, জনতা ব্যাংক লিমিটেড, রায়পুর শাখা, লক্ষ্মীপুর কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্রে উল্লেখ করা হয়েছে যে, "লক্ষ্মীপুর জেলার সদর উপজেলাধীন দারুল ইসলাম দাখিল মাদ্রাসার জনাব মোঃ আফাজ উদ্দিন (ইনডেক্স নং-M0030613)-এর এমপিও কপিতে ব্যাংক হিসাব নম্বর ভুলক্রমে 0100234298790 প্রিন্ট হয়েছে। কিন্তু ভুল হিসাব নম্বর 0100234298790 এ কোন প্রকার টাকা জমা হয়নি এবং কোন প্রকার লেনদেন করা হয় না। প্রকৃত পক্ষে জনতা ব্যাংক লিমিটেড, রায়পুর শাখা, লক্ষ্মীপুর এ তার সঠিক হিসাব নম্বর 0100234295190। এই সঠিক হিসাব নম্বর 0100234295190 তেই টাকা লেনদেন করা হয়। সঠিক হিসাব নম্বর 0100234295190 এমপিওতে সংযোজন করা হলে সরকারের কোন প্রকার আর্থিক ক্ষয়ক্ষতি হবে না।"

০৪। জনাব মোঃ শরিকুল ইসলাম, প্রোগ্রামার, মেমিস, মাশিঅ-কর্তৃক প্রদত্ত মন্তব্যে উল্লেখ করা হয় যে, "আবেদনের সময় সংযুক্ত AC নম্বর এবং অনলাইন ফরম পূরণের সময় AC নম্বর ভুল রয়েছে। সংযুক্ত ডকুমেন্ট এবং ব্যাংক হতে প্রাপ্ত AC নম্বর হবে 0100234295190।"

০৫। তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদন, ব্যবস্থাপক, জনতা ব্যাংক লিমিটেড, রায়পুর শাখা, লক্ষ্মীপুর কর্তৃক বিস্তারিত প্রত্যয়ন, USEO, সদর, লক্ষ্মীপুর এর সুপারিশসহ অগ্রায়ণ এবং সুপার ও সভাপতি-এর আবেদন অনুযায়ী প্রার্থীত ব্যাংক হিসাব শাখা নিম্নরূপঃ

| মাদ্রাসার নাম ও ঠিকানা | এমপিও শীটে বিদ্যমান ব্যাংক হিসাব শাখা | প্রার্থীত ব্যাংক হিসাব শাখা | মন্তব্য |
|---|---|---|---|
| জনাব MD AFAZ UDDIN (ইনডেক্স নং-M0030613), দারুল ইসলাম দাখিল মাদ্রাসা, সদর, লক্ষ্মীপুর | 0100234298790; জনতা ব্যাংক লিমিটেড, রায়পুর শাখা, লক্ষ্মীপুর | 0100234295190; জনতা ব্যাংক লিমিটেড, রায়পুর শাখা, লক্ষ্মীপুর | এমপিও শীটে বিদ্যমান ব্যাংক হিসাব নম্বর 0100234298790; জনতা ব্যাংক লিমিটেড, রায়পুর শাখা, লক্ষ্মীপুর এর পরিবর্তে আবেদনকারীর প্রার্থীত ব্যাংক হিসাব নম্বর 0100234295190; জনতা ব্যাংক লিমিটেড, রায়পুর শাখা, লক্ষ্মীপুর সংশোধন যোগ্য। |

০৬। এমতাবস্থায়,ব্যবস্থাপক,জনতা ব্যাংক লিমিটেড, রায়পুর শাখা, লক্ষ্মীপুর কর্তৃক বিস্তারিত প্রত্যয়ন, USEO, সদর, লক্ষ্মীপুর এর সুপারিশসহ অগ্রায়ণ, সুপার ও সভাপতির আবেদন, ম্যানেজিং কমিটির সুপারিশ এবং তদন্ত কমিটির সুপারিশের ভিত্তিতে নিম্ন বর্ণিত শর্তসাপেক্ষে এমপিওশীটে দারুল ইসলাম দাখিল মাদ্রাসা, সদর, লক্ষ্মীপুর এর ব্যাংক হিসাব নম্বর 0100234298790; জনতা ব্যাংক লিমিটেড, রায়পুর শাখা, লক্ষ্মীপুর এর পরিবর্তে 0100234295190; জনতা ব্যাংক লিমিটেড, রায়পুর শাখা, লক্ষ্মীপুর সংযোজনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং যথাযথ ব্যবস্থা গ্রহণ পূর্বক বাস্তবায়ন প্রতিবেদন (Compliance Report) দাখিলের জন্যও অনুরোধ করা হলো।

শর্তসমূহ:১। পরবর্তীতে কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে সংশ্লিষ্ট আবেদনকারী, সংশ্লিষ্ট মাদ্রাসা প্রধান, সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃপক্ষ, সংশ্লিষ্ট তদন্তকারীগণ দায়ী থাকবে।

২। সরকারের অর্থের কোন প্রকার অপচয়/তছরুফ হলে সংশ্লিষ্ট আবেদনকারী, মাদ্রাসা উক্ত অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবে।

৩। পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত/অন্যান্যডকুমেন্টস ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে উক্ত শিক্ষক সরকারের যেকোন আইনানুগ শাস্তি গ্রহণে বাধ্য থাকবে।

৪। প্রতিকার প্রার্থী/ দারুল ইসলাম দাখিল মাদ্রাসা, সদর, লক্ষ্মীপুর-কোনরূপ বকেয়া দাবী করতে পারবে না।

৫। পরবর্তীতে এতদ সংক্রান্ত কোন ডকুমেন্টস/ তথ্যাদিভুল/ মিথ্যা/ জালপ্রমাণিত হলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর তাৎক্ষনিকভাবে অত্র আদেশ সম্পূর্ণ/ আংশিক বাতিল কিংবা সংশোধন করতে পারবে।

এতে কোনরূপ আপত্তি উত্থাপন/ আইনের আশ্রয় গ্রহণ করা যাবে না।
সংযুক্তি: বর্ণনামতে-০৪ ফর্দ।

৩১-০৫-২০২৩
হাবিবুর রহমান
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং প্রকল্প পরিচালক, মেমিস, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

**স্মারক নম্বর:** ৫৭.২৫.০০০০.০০৪.৩৪.০০৫.২২.৩৬৩৯/১ (৬)

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
৩১ মে ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
২। উপ-পরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
৩। সহকারী পরিচালক (অর্থ) এবং সদস্য সচিব, এমপিও কমিটি, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর;
৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, লক্ষ্মীপুর;
৫। সভাপতি/সুপার/ দারুল ইসলাম দাখিল মাদ্রাসা, সদর, লক্ষ্মীপুর এবং
৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

০১-০৬-২০২৩
মোঃ সাখাওয়াত হোসেন
সহকারী পরিচালক

**সকল সংযুক্তিসমূহ:**

(১) CamScanner 05-28-2023 14.17 (1)